# বিসমিল্লাহির রাহমানির রাহিম

# জিয়াউদ্দিন স্কুল এন্ড কলেজ এর সংক্ষিপ্ত ইতিহাস

কিশোরগঞ্জ জেলার সদর উপজেলার ১নং রশিদাবাদ ইউনিয়নের ভাটগাঁও এর এক সম্ভ্রান্ত মুসলিম পরিবার মরহুম আব্দুল মজিদ ও আছিরন বিবির সুযোগ্য সন্তান জনাব আলহাজ্ব মোঃ জিয়াউদ্দিন সাহেবের উদ্যোগ ও অর্থায়নে অত্র অঞ্চলের গণ মানুষের সুচিন্তিত পরামর্শ ও সহযোগিতায় ০১/১২/১৯৯৪ খ্রী. জিয়াউদ্দিন স্কুল এন্ড কলেজটি প্রতিষ্ঠা লাভ করে। যথা নিয়মে গঠিত পরিচালনা কমিটি বিধি মোতাবেক শিক্ষক - কর্মচারী নিয়োগ দিয়ে ১৯৯৫ সালের জানুয়ারী মাস থেকে একাডেমিক কার্যক্রম শুরু করে।

নামাকরণ করা হয় “জিয়াউদ্দিন নিম্ন মাধ্যমিক বিদ্যালয়”। প্রতিষ্ঠানটি ২১/০৮/১৯৯৬ খ্রী.স্বীকৃতি প্রাপ্ত হয়। ১৯৯৭ ইং সালের ০৯ অক্টোবর বর্তমান ও তৎকালীন সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা কিশোরগঞ্জ জেলা সফর কালে অত্র প্রতিষ্ঠানটি পরিদর্শন করে উন্নয়নের আওতাভূক্ত করণের প্রতিশ্রুতি দেন। আমরা পাই একটি সুন্দর একাডেমিক ভবন।

বর্তমান মহামান্য রাষ্ট্রপতি মোঃ আব্দুল হামিদ তৎকালীন ডেপুটি স্পীকার হিসেবে প্রতিষ্ঠানটি পরিদর্শন করেন এবং প্রতিষ্ঠানটিকে উচ্চ মাধ্যমিক পর্যায়ে উন্নীত করনের ঘোষণা সহ সহযোগিতার আশ্বাস দেন।

তাঁদের সহযোগিতার পথ ধরেই ০১/০২/১৯৯৮ খ্রী.প্রতিষ্ঠানটি নিম্ন মাধ্যমিক পর্যায়ে এম.পি.ও ভূক্ত হয়। একই সনে প্রতিষ্ঠানটি নবম শ্রেণী খোলার অনুমতি প্রাপ্ত হয়ে ২০০৩ সালে স্বীকৃতি ও ২০০৪ সালে জিয়াউদ্দিন মাধ্যমিক বিদ্যালয় হিসেবে এম.পি.ও ভূক্ত হয়। মাধ্যমিকের স্বীকৃতি ও এম.পি.ও ভূক্তির ক্ষেত্রে জনাব সৈয়দ আশরাফুল ইসলাম (এমপি) তৎকালীন মাননীয় প্রতিমন্ত্রী, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, তিনি পূর্ণ সহযোগিতা করেছেন। শিক্ষামান, সুন্দর পরিচালনা ব্যবস্থা, নিরাপদ মনোরম পরিবেশ ও বিস্তৃত সহ শিক্ষা কার্যক্রমের দরুণ প্রতিষ্ঠানটি সবার নজরে আসে। রাজনৈতিক ব্যক্তিবর্গ, সরকারী কর্মকর্তাবৃন্দ প্রতিষ্ঠানটির উন্নয়নে আগ্রহের সাথে এগিয়ে আসে। উন্নয়নের যাত্রা শুরু হয়।

সহশিক্ষা নিমিত্ত “অশোক মাধব রায় অডিটোরিয়াম” প্রতিষ্ঠা করা হয়। শিক্ষার্থী বৃদ্ধির সাথে সাথে গড়ে উঠে একাডেমিক ভবন সমূহ। এলাকার গণমানুষের জোড়ালো দাবীর প্রেক্ষিতে, শিক্ষক-কর্মচারী ও শিক্ষার্থীদের প্রবল আগ্রহে ২০১৫ ইং সালে প্রতিষ্ঠানটি কলেজে উন্নীত করা হয়। নামাকরণ হয় “জিয়াউদ্দিন স্কুল এন্ড কলেজ”। ২০২০ সালে উচ্চ মাধ্যমিক পর্যায়ে স্বীকৃতি লাভ করে এবং ২০২২ সালে উচ্চ মাধ্যমিক পর্যায়ে এম.পি.ও ভুক্ত হয়। বরাবরের মতো ভাল ফলাফলের জন্য শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি পাওয়ায় নতুন একাডেমিক ভবনের চাহিদা সৃষ্টি হওয়ার সদাশয় সরকার সাবেক মন্ত্রী বীর মুক্তি যোদ্ধা সৈয়দ আশরাফুল ইসলাম একাডেমিক ভবন নির্মাণের মঞ্জুরী দেয়। শিক্ষার্থী চাহিদা মেটাতেই ২০২১ সালে ভবনটিকে সম্প্রসারণের নির্দেশ দেন শিক্ষা মন্ত্রণালয়। এসব কাজে সহযোগিতা করে যাচ্ছেন মাননীয় সাংসদ ডাঃ সৈয়দা জাকিয়া নূর লিপি (এমপি), কিশোরগঞ্জ-০১ ।

অত্র প্রতিষ্ঠানে অধ্যয়ন করে বহু শিক্ষার্থী, বিভিন্ন স্বনামধন্য বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন করছে। বিশ্ববিদ্যালয় অধ্যয়ন শেষে অনেক শিক্ষার্থী বিভিন্ন সরকারী উচ্চ পদে আসীন হয়ে প্রতিষ্ঠানটির পরিচিতিকে আরো সমৃদ্ধ করছে। ইতোমধ্যে প্রতিষ্ঠানটির ২৫ বছর পূর্তিতে প্রাক্তণ ও অধ্যয়নরত সকল শিক্ষার্থীদের সমন্বয়ে এলাকাবাসীর সক্রিয় সহযোগিতায় গুনীজনদের সহৃদয় উপস্থিতিতে ২০২০ সালে বর্ণাঢ্য অনুষ্ঠানের মাধ্যমে দুই (২) দিন ব্যাপী প্রতিষ্ঠানের মহান ‘রজত জয়ন্তী’ উদযাপিত হয়েছে।

১২৪ শতক জমির উপর প্রতিষ্ঠিত এ বিদ্যাঙ্গান। বর্তমানে তিনটি পাকা ভবন, তিনটি সেমিপাকা ও একটি টিনসেড ভবনে ২৯জন শিক্ষক-কর্মচারীর সমন্বয়ে ৬ষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত এক হাজার চারশত পাচঁ (১,৪০৫) জন শিক্ষার্থী নিয়ে এর পাঠদান কার্যক্রম চালিয়ে যাচ্ছে।

গভর্ণিং বডির সুদক্ষ পরিচালনা, শিক্ষক-কর্মচারীদের ঐকান্তিক প্রচেষ্ঠা, শিক্ষার্থীদের প্রতিষ্ঠান মুখিতা, অভিভাবক, এলাকাবাসী, রাজনৈতিক ও প্রশাসনিক ব্যক্তিবর্গের সহযোগিতায় ‘মানসম্মত শিক্ষা, উজ্জল ভবিষ্যতের সোপান’ প্রতিপাদ্য নিয়ে চলছে এ প্রতিষ্ঠানের অগ্রযাত্রা। প্রতিষ্ঠানটি একটি আদর্শ বিদ্যাপীঠ হিসাবে জাতীয় কল্যাণে অবদান রাখবে এ মোদের ঐকান্তিক বাসনা।

07/11/2022
আলহাজ্ব মোঃ জিয়াউদ্দিন
সভাপতি
জিয়াউদ্দিন স্কুল এণ্ড কলেজ
ভাটগাঁও, পোঃ ব্রাহ্মণকচুরী
উপজেলা ও জেলা- কিশোরগঞ্জ।

07/11/2022
শাহ মোঃ মজিবুর রহমান
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
জিয়াউদ্দিন স্কুল এণ্ড কলেজ
ভাটগাঁও, পোঃ ব্রাহ্মণকচুরী
উপজেলা ও জেলা- কিশোরগঞ্জ।

সর্বসাধারণের অবগতির জন্য নিম্নে প্রতিষ্ঠান সর্ম্পকিত কিছু তথ্যাদি উপস্থাপিত হলোঃ

প্রতিষ্ঠানের নাম : জিয়া উদ্দিন স্কুল এন্ড কলেজ।

প্রতিষ্ঠার তারিখ : ০১/১২/১৯৯৪ খ্রী.

প্রতিষ্ঠাতা ও দাতা সদস্যের নামের তালিকা :

| সদস্য ক্যাটাগরী | ক্রমিক নং | নাম ও ঠিকানা |
|---|---|---|
| প্রতিষ্ঠাতা সদস্য | ০১ | নাম : আলহাজ্ব মোঃ জিয়াউদ্দিন<br>পিতা : মৃত আঃ মজিদ<br>মাতা : মৃত আছিরন বিবি<br>গ্রাম : ভাটগাঁও, পোঃ- ব্রাহ্মণকচুরী, উপজেলা ও জেলা - কিশোরগঞ্জ<br>জন্ম তাং : ২৫/০২/১৯৫৫ খ্রী. |
| দাতা সদস্য | ০১ | নাম : মোঃ সালমান গালিব<br>পিতা : আলহাজ্ব মোঃ জিয়াউদ্দিন<br>মাতা : মরহুমা আনোয়ারা বেগম<br>গ্রাম : নিউটাউন, পোঃ- কিশোরগঞ্জ, উপজেলা ও জেলা- কিশোরগঞ্জ<br>জন্ম তাং : ১০/১০/১৯৯৪ খ্রী. |
| | ০২ | নাম : জনাব অশোক মাধব রায়<br>অবসরপ্রাপ্ত সচিব, নৌ-পরিবহন মন্ত্রাণালয়<br>পিতা : মৃত ললিত বন্ধু রায়<br>মাতা : মিসেস জোৎস্না রাণী রায়<br>গ্রাম : হাসপাতাল সড়ক, পোঃ- শায়েস্তাগঞ্জ ৩৩০১<br>শায়েস্তাগঞ্জ পৌরসভা, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ।<br>জন্ম তাং : ১৮/০৮/১৯৫৭ খ্রী. |
| | ০৩ | নাম : মোহাম্মদ নূরে আলম সিদ্দিকী<br>একান্ত সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর<br>পিতা : মোহাম্মদ আবুল কাশেম<br>মাতা : নূরুন নাহার<br>গ্রাম : দক্ষিন কারারচর , পোঃ- কারারচর ১৬০০<br>উপজেলা- শিবপুর, জেলা- নরসিংদী<br>জন্ম তাং : ০২/০১/১৯৭৪ খ্রী. |

শিক্ষক-কর্মচারীর সংখ্যা : শিক্ষক ২২ জন, কর্মচারী ০৫ জন= মোট ২৭ জন।

শিক্ষার্থীর সংখ্যা : ২০২১ খ্রী.

| শ্রেণী | ছাত্র | ছাত্রী | মোট |
|---|---|---|---|
| ৬ষ্ঠ | ৭৯ | ৭৯ | ১৫৮ |
| ৭ম | ৭৬ | ৮৩ | ১৫৯ |
| ৮ম | ১২৯ | ১৫৮ | ২৮৭ |
| ৯ম | ১৪৫ | ১৩৩ | ২৭৮ |
| ১০ম | ৮৩ | ৯৯ | ১৮২ |
| এস.এস.সি | ১০৭ | ৬৫ | ১৭২ |
| একাদশ | ৫৪ | ৩৫ | ৮৯ |
| দ্বাদশ | ৪০ | ৪০ | ৮০ |
| মোট | ৭১৩ | ৬৯২ | ১৪০৫ |

07/11/2022
আলহাজ্ব মোঃ জিয়াউদ্দিন
সভাপতি
জিয়াউদ্দিন স্কুল এন্ড কলেজ
ভাটগাঁও, পোঃ ব্রাহ্মণকচুরী
উপজেলা ও জেলা- কিশোরগঞ্জ।

07/11/2022
শাহ মোঃ মজিবুর রহমান
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
জিয়াউদ্দিন স্কুল এন্ড কলেজ
ভাটগাঁও, পোঃ ব্রাহ্মণকচুরী
উপজেলা ও জেলা- কিশোরগঞ্জ।

জমির পরিমান: জিয়াউদ্দিন স্কুল এন্ড কলেজের নামে খারিজ কৃত প্রতিষ্ঠান সংলগ্ন অখন্ড ভূমি ১২৪ শতক।

অবকাঠামোর বর্ণণা :

১. একাডেমিক কাম প্রশাসনিক ভবন : ১৩৩′×৩০′× তিন তলা

২. অশোক মাধব রায় অডিটোরিয়াম কাম একাডেমিক ভবন : ৮৭′×২৯′× দু'তলা

৩. হাফ বিল্ডিং বারান্দা সহ : ৬০′×১৫′

৪. হাফ বিল্ডিং : ৬০′×১৫′

৫. হাফ বিল্ডিং : ৬০′×১৫′

৬. টিনসেড ভবন বারান্দাসহ : ৬০′×২১′

৭. চারতলা ফাউন্ডেশন বিশিষ্ট ১তলা : ৯৭′×৩০′ নির্মাণাধীন

কৃতি শিক্ষার্থীদের নাম ও বর্তমান অবস্থান:

| ক্রমিক | নাম | পদবী ও ঠিকানা |
|---|---|---|
| ১ | শরীফ আহমেদ | সহকারী পরিচালক ( ডিজিএফআই) |
| ২ | মোঃ এনামুল হক | ওসি বারহাট্টা থানা ,নেত্রকোনা |
| ৩ | আবুল কালাম আজাদ | এ এস আই |
| ৪ | মোজাম্মেল হক নিক্সন | ইঞ্জিনিয়ার টেক্সটাইল ডিপার্টমেন্ট |
| ৫ | শাওন আহমেদ | খুলনা মেডিক্যাল কলেজ অধ্যয়নরত |
| ৬ | দেলোয়ার আক্তার রুবি | প্রাথমিক বিদ্যালয় শিক্ষক |
| ৭ | মোঃ আঃ কাইয়ুম | হাই স্কুল শিক্ষক |

প্রতিষ্ঠানের উল্লেখযোগ্য অর্জন ( শিক্ষায়):

আজ থেকে ২৫ বছর আগে অত্র এলাকার শিক্ষার হার খুবই নগন্য ছিল। অত্র প্রতিষ্ঠানের বদৌলতে এখন প্রায় গৃহেই এস.এস.সি/ এইচ.এস.সি সহ ডিগ্রীধারী দেখতে পাওয়া যায়। যারা বিভিন্ন সম্মানজনক পেশায় নিয়োজিত। এটা আমাদের বড় অর্জন।

## সহশিক্ষা

### জেলা পর্যায়ে

১. কুচ কাওয়াজে ৩য় স্থান ২০১৮,২০১৯ খ্রী.

### উপজেলা পর্যায়ে

২. হ্যান্ডবলে রানার্সআপ ২০০২, ২০০৩ খ্রী.

ইউনিয়ন পর্যায়ে

৩. শুদ্ধসুরে জাতীয় সংঙ্গীত ইউনিয়ন পর্যায়ে শ্রেষ্ঠ ২০১৮, ২০১৯ ও ২০২০ খ্রী.

## অন্যান্য:

১. জ্ঞান তরঙ্গ পাঠাগার: বিভিন্ন ধরনের ২০০০ বই সমৃদ্ধ সুসজ্জিত পাঠাগার।

২. বিজ্ঞানাগার : পদার্থ, রসায়ন, জীব, এনাটমী,কৃষির বিভিন্ন যন্ত্রপাতি/ উপকরণ সমৃদ্ধ বিজ্ঞানাগার।

৩. কম্পিউটার ল্যাব : ২০১০ সালে স্থাপিত ০৫টি ডেস্কটপ সমৃদ্ধ কম্পিউটার ল্যাব।

৪. বঙ্গাঁবন্ধু কর্ণার : বিভিন্ন ছবি, পুস্তক চার্ট সম্মিলিত বঙ্গাবন্ধু কর্ণার বিদ্যামান।

৫. মাল্টিমিডিয়া ক্লাস রুম ০১ টি।

07/11/2022
আলহাজ্ব মোঃ জিয়াউদ্দিন
সভাপতি
জিয়াউদ্দিন স্কুল এন্ড কলেজ
তাতীগাঁও, পোঃ ব্রাহ্মণকুন্ডী
উপজেলা ও জেলা- কিশোরগঞ্জ।

07/11/2022
শাহ মোঃ মজিবুর রহমান
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
জিয়াউদ্দিন স্কুল এন্ড কলেজ
তাতীগাঁও, পোঃ ব্রাহ্মণকুন্ডী
উপজেলা ও জেলা- কিশোরগঞ্জ।